ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন



বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

ROSEDIN ● Vol. - 1 ● Issue - 10 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ১৬৬ ● কলকাতা ● ০৫ আষাঢ়, ১৪৩২ ● শুক্রবার ● ২০ জুন ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## বজবজে সুকান্তকে দেখে চোর চোর স্লোগান মহিলারা মারলো জুতো ছুঁড়ে



**বেবি চক্রবর্তী: কলকাতা**

বজবজে গিয়ে বিক্ষোভের মুখে সুকান্ত, ১০০ দিনের কাজের বকেয়া টাকা চেয়ে 'চোর' স্লোগান।

১০০ দিনের কাজের টাকা কেন মিটিয়ে দেওয়া হচ্ছে না, সেই দাবিতে বিক্ষোভ দেখাতে থাকেন স্থানীয়রা। শুধু তাই নয়, বিজেপি রাজ্য সভাপতিকে 'চোর চোর' বলেও স্লোগান দেওয়ার অভিযোগ

এরপর ৩ পৃষ্ঠায়

## অভিজিৎ গঙ্গোপাধ্যায়কে 'এয়ারলিফট' করে দিল্লির AIIMS-এ স্থানান্তর, শারীরিক অবস্থা সংকটজনক



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

**কলকাতা:-** তমলুকের বিজেপি সাংসদ অভিজিৎ গঙ্গোপাধ্যায়কে দিল্লি AIIMS-এ স্থানান্তর, শারীরিক অবস্থা সংকটজনক। শারীরিক অবস্থার অবনতি হওয়ায় প্রাক্তন বিচারপতি তথা তমলুকের বিজেপি সাংসদ অভিজিৎ গঙ্গোপাধ্যায়কে উন্নত চিকিৎসার জন্য কলকাতা থেকে দিল্লির এইমস (AIIMS) হাসপাতালে স্থানান্তরিত করা হচ্ছে। তিনি গত ক'দিন ধরে দক্ষিণ কলকাতার একটি বেসরকারি হাসপাতালে আইসিইউ-তে ভর্তি ছিলেন। হাসপাতাল সূত্রে খবর, অভিজিৎবাবুর অবস্থা এখনও "মারাত্মকভাবে সংকটজনক" এবং তিনি বর্তমানে 'লো ফ্লো অক্সিজেন সাপোর্ট'-এ রয়েছেন।

গুরুতর অসুস্থতা: কী বলছেন চিকিৎসকরা?

৬৩ বছর বয়সি অভিজিৎ গঙ্গোপাধ্যায় ভুগছেন অ্যাকিউট প্যানক্রিয়াটাইটিস এবং গ্যাস্ট্রোইনটেস্টিনাল সেপসিস-এ। চিকিৎসকদের মতে, এই

এরপর ৩ পাতায়






# ভাঙা হবে বিমানবন্দরের পাশে সমস্ত উঁচু উঁচু বিল্ডিং!



স্টাফ রিপোর্টার, রোজদিন

এয়ার ইন্ডিয়ার বিমান দুর্ঘটনা থেকে শিক্ষা। বড় সিদ্ধান্ত নিল অসামরিক উড়ান পরিবহন মন্ত্রক। আহমেদাবাদ বিমানবন্দরের কাছেই বিজে হস্টেলের উপরে এয়ার ইন্ডিয়ার বিমান ভেঙে পড়ার পর একদিকে যেমন প্রশ্ন উঠেছিল নিরাপত্তা নিয়ে, তেমনই বিমানবন্দরের আশেপাশে উচু ইমারত বা বিল্ডিংয়ে ধাক্কা লাগার ঝুঁকি নিয়েও উদ্বেগ বেড়েছিল।যাদের বিল্ডিং ভাঙা পড়বে বা গাছ কাটা যাবে, তারা ক্ষতিপূরণও পাবেন। ভারতীয় বায়ুযান অধিনিয়মের ২২ ধারার অধীনে তারা বৈধ নথি ও প্রমাণ নিয়ে ক্ষতিপূরণের আবেদন করতে পারবেন। তবে সরকারি নির্দেশিকা জারির পর যদি কোনও নতুন বিল্ডিং বা কাঠামো তৈরি করা হয়, যা উচ্চতাসীমা লঙ্ঘন করছে, তারা কোনও ক্ষতিপূরণ পাবে না।এবার এই উঁচু উঁচু বিল্ডিং তৈরিতে রাশ টানতেই বড় সিদ্ধান্ত অসামরিক উড়ান মন্ত্রকের।

আহমেদাবাদের দুর্ঘটনা থেকে শিক্ষা নিয়ে নতুন একটি খসড়া বিল আনল অসামরিক উড়ান মন্ত্রক। এয়ারক্রাফ্ট (ডেমোলিশন অব অবস্ট্রাকশনস) রুলস ২০২৫ শীর্ষক এই খসড়া বিলে বিমানবন্দরের আশেপাশে বিল্ডিংয়ের উচ্চতা নিয়ন্ত্রণ করার কথা বলা হয়েছে। যে বিল্ডিংয়ের কারণে দুর্ঘটনা ঘটার সম্ভাবনা বা ঝুঁকি রয়েছে, তা ভেঙে ফেলার নির্দেশ দেওয়া হয়েছে।

১৮ জুন এই খসড়া বিল প্রকাশ করা হয়। শীঘ্রই অফিসিয়াল গেজেট প্রকাশিত হবে। তখন থেকেই এই নিয়ম কার্যকর হবে। এই বিলে স্পষ্ট বলা রয়েছে, এয়ারডোম জোনের অধীনে থাকা বিল্ডিং ও গাছ, যা উচ্চতার সীমা লঙ্ঘন করছে, তার বিরুদ্ধে প্রশাসনকে দ্রুত পদক্ষেপ করতে হবে যাতে ভবিষ্যতে বিমান চলাচলের পথে বাধার সৃষ্টি না হয়। খসড়া বিলে বলা হয়েছে, যদি বিমানবন্দর বা অ্যারোডোমের আশেপাশে কোনও বিল্ডিং প্রস্তাবিত উচ্চতার সীমা লঙ্ঘন করে, তবে অ্যারোডোমের অফিসার ইনচার্জ নোটিস পাঠাবেন। ওই বিল্ডিংয়ের মালিককে বিল্ডিংয়ের প্ল্যান থেকে শুরু করে আয়তন-উচ্চতা সংক্রান্ত যাবতীয় তথ্য ৬০ দিনের মধ্যে জমা দিতে হবে। যদি কেউ তা না করেন, তবে বিল্ডিংয়ের উচ্চতা কমিয়ে দেওয়া, এমনকী সম্পূর্ণ বিল্ডিং ভেঙে দেওয়াও হতে পারে।

## মমতার বিরোধিতা করায় খিদিরপুরের ব্যবসায়ীকে ৩ দিন ধরে আটকে রেখেছে পুলিশ: শুভেন্দু



স্টাফ রিপোর্টার, রোজদিন

সামনে দাঁড়িয়ে তাঁর বক্তব্যের প্রতিবাদ করা খিদিরপুরের ভস্মীভূত ওয়াটগঞ্জ বাজারের সেই ব্যবসায়ীকে তুলে নিয়ে গিয়েছে পুলিশ। ৩ দিন ধরে তার কোনও সন্ধান নেই। এমনই দাবি করলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তিনি জানান, ওই ব্যবসায়ীর পাশে আছে বিজেপি। তাঁর খোঁজ পেতে আইনি পথে আবেদন জানানো হবে বলে জানিয়েছেন তিনি।

গত সোমবার ভোর রাত ১টা নাগাদ খিদিরপুরের অরফ্যানগঞ্জ বাজারে বিধ্বংসী আগুন লাগে। আগুনে পুড়ে গিয়েছে প্রায় ১৩০০

এরপর ৩ পাতায়

# ভারতের বাইরে রথযাত্রা অনুষ্ঠিত হবে

বেবি চক্রবর্ত্তী

আগামী ২৭ তারিখ রথযাত্রা। সারা ভারতে খুবই ধুমধামের সঙ্গে পালিত হবে এই উৎসব। কিন্তু শুধু ভারতে নয়, বিশ্বের বিভিন্ন প্রান্তে রথযাত্রা পালিত হয়। যার মধ্যে উল্লেখযোগ্য হল - সান ফ্রান্সিসকো, লন্ডন, লস অ্যাঞ্জেলেস, টোকিও এবং রাশিয়া। এই উৎসবটি মূলত ভগবান জগন্নাথের উদ্দেশ্যে উৎসর্গীকৃত এবং এটি পুরীর রথযাত্রা হিসেবে পরিচিত, যা ভারতের ওড়িশা রাজ্যে পালিত হয়।

ভারতের বাইরে যে স্থানগুলিতে রথযাত্রা পালিত হয় তার মধ্যে উল্লেখযোগ্য কিছু স্থান নিচে দেওয়া হল:



* সান ফ্রান্সিসকো, মার্কিন যুক্তরাষ্ট্র: প্রায় ৫০ বছর আগে, এখানে প্রথম রথযাত্রা পালিত হয়েছিল এবং আজও এটি অত্যন্ত উৎসাহ ও জাঁকজমকের সাথে পালিত হয়।

* লন্ডন, যুক্তরাজ্য: লন্ডনেও রথযাত্রা একটি জনপ্রিয় উৎসব, যেখানে বিভিন্ন সম্প্রদায়ের মানুষ একসাথে এই উৎসবে অংশ নেয়।

* লস অ্যাঞ্জেলেস, মার্কিন যুক্তরাষ্ট্র: লস অ্যাঞ্জেলেসেও রথযাত্রা উৎসব পালিত হয় এবং এখানেও বহু মানুষ এই উৎসবে যোগ দেন।

* টোকিও, জাপান: টোকিওতে রথযাত্রা উৎসবের একটি বিশেষ আকর্ষণ হল জাপানি সংস্কৃতি এবং ঐতিহ্যের সাথে ভারতীয় সংস্কৃতির মিলন।






(১ম পাতার পর)

# বজবজে সুকান্ত কে দেখে চোর চোর স্লোগান মহিলারা মারলো জুতো ছুঁড়ে

উঠেছে।বৃহস্পতিবারের এই বিক্ষোভের ঘটনায় শাসকদলকেও পাল্টা চোর স্লোগান দেন সুকান্ত মজুমদার। এর পরই তাঁর উদ্দেশে জুতো ছোড়া হয়। বিজেপি রাজ্য সভাপতি স্থানীয়দের ভিড়ের মধ্যে দিয়েই নিরাপত্তারক্ষীদের ঢালে নিজেকে আড়াল করে হাঁটতে হাঁটতে নিজের গাড়িতে ওঠেন। যেতে যেতে বলেন, "মমতা বন্দ্যোপাধ্যায়কে প্রশ্ন করতে চাই, এটাকে গণতন্ত্র বলে কিনা? যেভাবে গণতন্ত্রকে আজকে রাস্তার মধ্যে নগ্ন করে দেওয়া হল, ধর্ষণ করা হল, সেটা ভাবা যায় না। এই পরিস্থিতি তৈরি করে রেখেছেন মমতা বন্দ্যোপাধ্যায় আর তাঁর ভাইপো এবং জাহাঙ্গির খান।

(১ম পাতার পর)

# অভিজিৎ গঙ্গোপাধ্যায়কে 'এয়ারলিফট' করে দিল্লির AIIMS-এ স্থানান্তর, শারীরিক অবস্থা সংকটজনক

দুই রোগ একত্রে থাকলে তা শরীরের উপর ভয়াবহ প্রভাব ফেলতে পারে। গত শনিবার হঠাৎ তীব্র পেটব্যথা ও বমি শুরু হওয়ায় তড়িঘড়ি তাঁকে হাসপাতালে ভর্তি করা হয়। এরপর থেকে তাঁর অবস্থা স্থিতিশীল হয়নি বলেই হাসপাতাল সূত্রে জানানো হয়েছে।

বিশেষজ্ঞ চিকিৎসকদের মতে, অ্যাকিউট প্যানক্রিয়াটাইটিসে যন্ত্রণা পেট থেকে ছড়িয়ে পড়তে পারে পিঠ বা বুক পর্যন্ত। আর 'গ্যাস্ট্রোইনটেস্টিনাল সেপসিস' শরীরের প্রতিরোধ ক্ষমতাকে ধ্বংস করে, অন্ত্রে সংক্রমণ ঘটায়, যা প্রাণঘাতী পর্যায়েও পৌঁছাতে পারে।

**দিল্লিতে এয়ারলিফট, সঙ্গে থাকছেন চিকিৎসক দল**

দীর্ঘমেয়াদী ও উন্নত চিকিৎসার প্রয়োজনীয়তা বুঝেই অভিজিৎবাবুকে দিল্লির AIIMS-এ স্থানান্তর করার সিদ্ধান্ত নেওয়া হয়। দল ও পরিবারের সম্মতিতে বৃহস্পতিবার দুপুর নাগাদ এই প্রক্রিয়া শুরু হয়। জানা গিয়েছে, তাঁকে এয়ার অ্যাম্বুলেন্সে করে দিল্লিতে নিয়ে যাওয়া হবে এবং তাঁর সঙ্গে থাকবেন একদল অভিজ্ঞ চিকিৎসক।

**শুভেন্দু, দিলীপ পাশে, নজরে পিএমও**

বিজেপি সূত্রে জানা গিয়েছে, সাংসদের অসুস্থতার খবর পেয়েই মঙ্গলবারই হাসপাতালে ছুটে যান রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তাঁকে দেখতে যান বিজেপির প্রাক্তন রাজ্য সভাপতি দিলীপ ঘোষও। শুধু রাজ্য নয়, কেন্দ্র থেকেও নজর রাখা হচ্ছে অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের অবস্থার দিকে। পরিবার সূত্রে খবর, সাংসদ হাসপাতালে ভর্তি হওয়ার পরদিনই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সচিবালয় থেকে যোগাযোগ করা হয় অভিজিৎবাবুর পরিবারের সঙ্গে। জানানো হয়, প্রয়োজনে পিএমও তাঁদের পাশে থাকবে।

**বিচারপতি থেকে জনপ্রতিনিধি**

প্রসঙ্গত, বিচারপতি হিসেবে অভিজিৎ গঙ্গোপাধ্যায় ছিলেন অত্যন্ত চর্চিত এক মুখ। শিক্ষাক্ষেত্রে দুর্নীতি সহ একাধিক গুরুত্বপূর্ণ মামলায় স্পষ্ট ও কড়া অবস্থান নিয়েছিলেন তিনি। ২০২৪ সালের লোকসভা নির্বাচনের আগে তিনি বিচারপতির পদ থেকে অবসর নিয়ে বিজেপিতে যোগ দেন এবং তমলুক থেকে প্রার্থী হয়ে জয়লাভ করেন।

বর্তমানে তাঁর সুস্থতা কামনায় উদ্বেগে দিন কাটাচ্ছে তমলুকবাসী সহ রাজ্যের রাজনৈতিক মহল। দিল্লিতে উন্নত চিকিৎসার পরবর্তী আপডেটের দিকেই তাকিয়ে গোটা রাজ্য।

(২ পাতার পর)

# মমতার বিরোধিতা করায় খিদিরপুরের ব্যবসায়ীকে ৩ দিন ধরে আটকে রেখেছে পুলিশ: শুভেন্দু

দোকান। সোমবার দুপুরে ওই বাজারের ব্যবসায়ীদের আশ্বস্ত করতে সেখানে যান মমতা। সেখানে গিয়ে পুনর্বাসন দিয়ে ওই বাজারের পুনর্নির্মাণের আশ্বাস দেন তিনি। সঙ্গে প্রত্যেক ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীকে ১ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ ঘোষণা করেন। তখনই এক ব্যবসায়ী মুখ্যমন্ত্রীর কাছে জানতে চান, বাজারটি নতুন করে নির্মাণ করতে কতদিন লাগতে পারে। মুখ্যমন্ত্রীর জবাবে অসহমতি প্রকাশ করেন তিনি।বুধবার বিকেলে শুভেন্দুবাবু বলেন, 'গত সোমবার মুখ্যমন্ত্রী যখন খিদিরপুর মার্কেটে গিয়েছিলেন তখন একজন ব্যবসায়ী তাঁর বক্তব্যের প্রতিবাদ করেছিলেন। টিভিতে সবাই সেটা সেটা দেখেছে। ওই দিনই সন্ধ্যায় ওই ব্যবসায়ীকে পুলিশ বাড়ি থেকে তুলে নিয়ে যায়। তার পর থেকে আজও তাঁকে আদালতে পেশ করা হয়নি। ব্যবসায়ী কোথায় আছেন বাড়িল লোকও জানে না।'

এর পর শুভেন্দু অধিকারী বলেন, 'আমরা ওনার বাড়িতে লোক পাঠিয়েছি। পুলিশের বিরুদ্ধে আমরা অপহরণের মামলা করব।'

# দিঘায় উঠলো লক্ষ লক্ষ টাকার বিরল ভোলা মাছ



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

আনন্দে আত্মাহারা মৎস্যজীবীরা। বর্ষার শুরুতেই ভালো লক্ষ্মীর মুখ দেখছেন দিঘার মৎস্যজীবীরা। ইলিশ তো ইতিমধ্যেই হাসি ফুটিয়েছে, কিন্তু দিঘায় এবার আরও বড় খবর! মাছ ধরার মরশুমের শুরুতেই বিরাট লক্ষ্মীলাভ! রূপালী শস্যকে দামের রেটে একডজন গোল দিয়ে দিল লক্ষ লক্ষ টাকার বিরল প্রজাতির মাছ। আর তাতেই আনন্দ আর ধরে না দিঘার মৎস্যজীবীদের। মাত্র তিন দিন হয়েছে মাছ ধরার উদ্দেশ্যে সমুদ্র পাড়ি দিয়েছে মৎস্যজীবীদের ট্রলার, নৌকো, ভুটভুটি। এবার মাছ ধরার মরশুম শুরু হওয়ার প্রথম থেকেই ইলিশের খোঁজ পেয়েছে মৎস্যজীবীরা। এবার ইলিশের পাশাপাশি উঠল বিরল প্রজাতির মাছ। দিঘা মোহনা মৎস নিলাম কেন্দ্রে তাই উৎসবের মেজাজ। লক্ষ লক্ষ টাকার ভোলা মাছ দিঘা মোহনা মৎস্য নিলাম কেন্দ্রে বিক্রির জন্য নিয়ে আসা হয় বুধবার। বিরল প্রজাতির এই বিশেষ ভোলা মাছের দাম লক্ষ লক্ষ টাকার বেশি। পূর্ব ভারতের বৃহত্তম সামুদ্রিক মৎস্য নিলাম কেন্দ্র দিঘা মোহনা মৎস্যনিলাম কেন্দ্র। চলতি বছর সবে শুরু হয়েছে মাছ ধরার মরশুম। আর মাছ ধরার শুরু হওয়ার প্রথম দিন থেকেই সমুদ্রে মাছ শিকারের অনুকূল পরিবেশ। দিঘা মোহনা মৎস্য নিলাম কেন্দ্রে সামুদ্রিক মাছের ধীরে ধীরে যোগান বাড়ছে। আর তাতেই মুখে হাসি ফুটেছে মৎস্যজীবীদের।

## সম্পাদকীয়

### ভারতীয় নৌবাহিনীর আইএনএস আর্নাল-এর জন্য প্রয়োজনীয় বিশেষ সমস্ত ইস্পাত সরবরাহ করেছে এসএআইএল

মহারত্ন কোম্পানি স্টিল অথরিটি অফ ইন্ডিয়া লিমিটেড (এসএআইএল) বৃহত্তম ইস্পাত প্রস্তুতকারক রাষ্ট্রায়ত্ত সংস্থা প্রতিরক্ষা ক্ষেত্রে দেশের আত্মনির্ভরতা এবং আমদানির বিকল্পের বিষয়ে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছে। এসএআইএল ভারতের প্রথম দেশীয়ভাবে নকশা করা এবং নির্মিত অ্যান্টি সাবমেরিন ওয়ারফেয়ার স্যালো ওয়াটার ক্রাফ্ট (এএসডাব্লু-এসডাব্লুসি) আইএনএস আর্নাল-এর জন্য প্রয়োজনীয় সমস্ত ইস্পাত সরবরাহ করেছে। আইএনএস আর্নাল ১৮ জুন ভারতীয় নৌবাহিনীতে অন্তর্ভুক্ত হয়েছে। গার্ডেনরিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স (জিআরএসই)-এর নির্মিত আরও ৭টি এএসডাব্লু-এসডাব্লুসি কর্ভেটের জন্য এসএআইএল বিশেষ ইস্পাত সরবরাহ করেছে।

প্রতিরক্ষার ক্ষেত্রে আত্মনির্ভরতার লক্ষ্যে ভারতের অগ্রগতির গুরুত্বপূর্ণ অংশীদার হয়ে এসএআইএল এই প্রকল্পের জন্য প্রয়োজনীয় সমস্ত বিশেষ ইস্পাত সরবরাহ করেছে। 'আত্মনির্ভর ভারত'-এর উদ্যোগ বাস্তবায়ন এবং আমদানির ওপর নির্ভরতা কমাতে এই সহায়তা এসএআইএল-এর যাত্রাপথে এক উল্লেখযোগ্য মাইলফলক। এসএআইএল অতীতে আইএনএস বিক্রান্ত, আইএনএস বিন্ধ্যগিরি, আইএনএস নীলগিরি, আইএনএস সুরত সহ অন্যান্য উল্লেখযোগ্য প্রকল্পের জন্যও বিশেষ ইস্পাত সরবরাহ করেছে।

## কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



**মৃত্যুঞ্জয় সরদার**
**(তিপান্নতম পর্ব)**



নানাবিধ বিপদ থেকে বাঁচাতে শুক্রবার করে এই মন্ত্রটি জপ করতে ভুলবেন না যেন! কারণ এমনটা বিশ্বাস করা হয় যে এই মন্ত্রটি জপ করা মাত্র বাড়ির প্রতিটি অংশে পজেটিভ শক্তির মাত্রা এতটাই বেড়ে যায় যে খারাপ শক্তি ঘর ছাড়া হতে সময় লাগে না।মনের যে কোনও ইচ্ছা পূরণ হয়:গৃহস্থে যখন পজেটিভ শক্তির মাত্রা বাড়তে শুরু করলে গুড লাক রোজের সঙ্গী হয়ে ওঠে। আর এমনটা যখন হয়, তখন মনের ছোট থেকে ছোটতর ইচ্ছা পূরণ হতে যে সময় লাগে না, তা কি আর বলার অপেক্ষা রাখে।পড়াশোনায় উন্নতি ঘটে:শাস্ত্র মতে প্রতিদিন মায়ের

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

## বিধানসভায় ঢোকার মুখে বিধায়কদের গাড়িতে চলেছে জোর তল্লাশি

**বেবি চক্রবর্তী :কলকাতা**

আবার এক নতুন বিধি চালু হলো বিধানসভায়। গাড়ি তল্লাশি হচ্ছে বিধায়কদের। সেই নিয়ে যথেষ্ট ক্ষুব্ধ বিজেপি বিধায়করা।

বৃহস্পতিবার ফের তল্লাশি চালানো নিয়ে ক্ষোভ উগরে দিলেন আসানসোল দক্ষিণের বিজেপি বিধায়ক অগ্নিমিত্রা পাল। পুলিশের সঙ্গে কার্যত বচসায় জড়িয়ে পড়েন বিজেপি নেত্রী। এ দিন অগ্নিমিত্রা প্রশ্ন তোলেন, "মমতা বন্দ্যোপাধ্যায়ের গাড়ি চেক করা হয়?" তখন নিরাপত্তারক্ষী বলেন, "আমার কাছে যা অর্ডার আছে আমি সেই অনুযায়ী করছি।এরপর কর্তব্যরত পুলিশ কর্মীদের উদ্দেশ্যে বিজেপি নেত্রী বলেন, "নিয়ম তো সকলের জন্য সমান। মমতা বন্দ্যোপাধ্যায়ের গাড়িও কি পরীক্ষা করা হয়? কেউ তো আইনের উর্ধ্বে নয়। গত ১৩ই জুন থেকে বিধানসভায় বিজেপি বিধায়কদের গাড়ি তল্লাশি শুরু হয়। বিজেপির দাবি, প্রতিবাদ করতে দেওয়া হবে না বলে এত কড়াকড়ি। আসানসোল দক্ষিণের বিজেপি বিধায়ক অগ্নিমিত্রা পালের প্রশ্ন, তুলসী গাছ নিয়ে বিধানসভার ভিতরে যাতে কেউ না ঢুকতে পারে সেই কারণে কি এত তল্লাশি? তবে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় প্রথম দিনই বলেছিলেন, "নিরাপত্তারক্ষীকে পরিষ্কার অনুমতি দেওয়া হয়েছে তল্লাশির জন্য। কে কী নিয়ে আসছেন তা তো আমার পক্ষে বলা সম্ভব নয়, যাঁরা গেটের দারোয়ান রয়েছেন তাঁরাই চেক করবেন। এটা নিরাপত্তার বিষয়। তাই আমরা চাই না এমন কিছু ঘটুক যাতে বিধানসভার কাজ ব্যহত হয়।তবে এই নিয়ে ক্ষুব্ধ বিজেপি বিধায়করা।

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

ব্রতীন্দ্রনাথ মুখোপাধ্যায় বলছেনঃ "কার্তিকের অমাবস্যার রাত্রিতে যে কালীর পূজা আমরা করি তাঁর পূজার উৎসব উপলক্ষে আরও কিছু পূজা ও আচার পালন করা হয়। এগুলির মধ্যে একটি বিশিষ্ট প্রথা হচ্ছে দীপমালা দিয়ে পূজামণ্ডপ, গৃহাদি দর্শনীয় বিষয়গুলি সজ্জিত করা। **ক্রমশঃ**


## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# ছাব্বিশের লক্ষ্যে বিজেপির বাজি শুভেন্দু অধিকারী! মুখ্যমন্ত্রী মুখ নিয়ে স্পষ্ট বার্তা কেন্দ্রের



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

কলকাতা:- একুশের পর ফের ছাব্বিশ। আবারও শুরু হতে চলেছে বাংলার 'রাজনৈতিক বিশ্বকাপ'। আর ঠিক সেই মুহূর্তে পদ্ম শিবিরে জোর কদমে প্রস্তুতি শুরু। বিরোধী দল হিসাবে নিজেদের অবস্থানকে আরও পোক্ত করে ছাব্বিশের বিধানসভা নির্বাচনে মমতা বন্দ্যোপাধ্যায়ের তৃণমূল কংগ্রেসকে টেক্কা দিতে রণকৌশল সাজাতে শুরু করেছে বিজেপি।

এই প্রেক্ষাপটেই উঠে আসছে এক বড় নাম—শুভেন্দু অধিকারী। কেন্দ্রীয় নেতৃত্বের তরফে স্পষ্ট ইঙ্গিত, সব কিছু ঠিকঠাক থাকলে বিজেপির মুখ্যমন্ত্রী মুখ হবেন তিনিই।

একুশে যাঁর হাত ধরে মমতার পরাজয়, এবার তিনিই বিজেপির ভরসা

এক সময় তৃণমূল কংগ্রেসের অন্যতম গুরুত্বপূর্ণ সৈনিক ছিলেন শুভেন্দু অধিকারী। তবে ২০২১ সালের নির্বাচনের ঠিক আগে দলবদল করে বিজেপিতে যোগ দেন। তারপর থেকেই রাজ্য রাজনীতিতে তাঁর উত্থান চোখে পড়ার মতো। নন্দীগ্রামে তৃণমূল সুপ্রিমো তথা মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কেই হারিয়ে রাজ্য রাজনীতিতে প্রবল আলোড়ন সৃষ্টি করেন শুভেন্দু। ১৯৫৬ ভোটে জয় পেয়ে বিরোধী দলনেতার আসনে বসেন।

গত চার বছরে বিজেপির হয়ে রাজ্যের নানা ইস্যুতে তৃণমূল সরকারের বিরুদ্ধে সুর চড়িয়েছেন তিনি। হোক দুর্নীতির অভিযোগ, শিক্ষাক্ষেত্রে অনিয়ম, বা আইনশৃঙ্খলার প্রশ্ন— প্রতিটি ইস্যুতেই রাজ্য সরকারের বিরুদ্ধে পথে নেমেছেন শুভেন্দু। তাঁর এই লড়াকু ভাবমূর্তি ও তৃণমূলের ভিতরকার রাজনীতির ভাল বোঝাপড়াই তাঁকে বিজেপির অন্যতম প্রধান মুখ করে তুলেছে।

"শুভেন্দুর বিকল্প নেই" – কেন্দ্রীয় নেতৃত্বের বার্তা

বিজেপির এক কেন্দ্রীয় নেতা জানিয়েছেন, "বিশ্বাসযোগ্যতা, সংগঠন ও জনসমর্থনের নিরিখে এই মুহূর্তে বাংলায় শুভেন্দু অধিকারীর কোনও বিকল্প নেই।" সেই কারণেই ছাব্বিশের ভোটে তাঁকেই মুখ্যমন্ত্রী পদপ্রার্থী হিসেবে ময়দানে নামাতে চায় পদ্ম শিবির।

যদিও কেন্দ্রের তরফে স্পষ্ট করে বলা হয়েছে, রাজনৈতিক পরিস্থিতি বিবেচনা করেই শেষ মুহূর্তে কৌশল বদলের সম্ভাবনাও খোলা থাকবে। অর্থাৎ, শুভেন্দুই যে একমাত্র মুখ, তা এখনও লিখিতভাবে ঘোষণা করা হয়নি। তবে যাবতীয় ইঙ্গিত বলছে, বিজেপির রণকৌশলের কেন্দ্রবিন্দুতে তিনিই।

ছাব্বিশের দিকে তাকিয়ে ইতিমধ্যেই রাজ্যে কেন্দ্রীয় নেতৃত্বের আনাগোনা বেড়েছে। কিছুদিন আগেই রাজ্যে সফরে এসেছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। সূত্রের খবর, বাদল অধিবেশন শেষ হতেই বাংলায় নির্বাচনী কর্মসূচি শুরু করতে চাইছে বিজেপি। রাজ্য সফরের সংখ্যা বাড়বে, কর্মিসভা ও জনসভা হবে একের পর এক। বাংলার প্রতিটি ব্লকে ছড়িয়ে দেওয়া হবে বিজেপির বার্তা।

রাজনীতি চিরকালই চমকের খেলা। বিজেপি আপাতত শুভেন্দু অধিকারীর দিকেই ঝুঁকছে, তবে ময়দানে নামার আগে যে সব কৌশল খোলা রাখবে পদ্ম শিবির, তাও স্পষ্ট। এখন দেখার, মমতার গড়ে ফের একবার শুভেন্দুই কি হতে পারেন বিজেপির জবাব? ছাব্বিশের বাংলা কোন দিকে মোড় নেয়, সে প্রশ্নেই এখন আগ্রহ গোটা রাজ্যের।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Bandhumahal Club) - 9735697689
Child Line - 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219, (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে


| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# আমেরিকাকে যুদ্ধ বন্ধের হুঁশিয়ারি রাশিয়ার

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ইরান-ইজরায়েল যুদ্ধে আমেরিকা যেন ভুলেও নাক না গলায়। ওয়াশিংটনকে স্পষ্টভাবে হুঁশিয়ারি দিল রাশিয়া। বৃহস্পতিবারই ক্রেমলিন জানিয়েছিল, পরমাণু বোমা তৈরিতে তারা তেহরানের পাশে থাকবে। তারপরেই সোজাসুজি আমেরিকাকে বার্তা দিল রাশিয়া। তাদের মতে, যেভাবে ইরানের উপর হামলা হচ্ছে তাতে সমগ্র পৃথিবীই এক বড়সড় বিপর্যয়ের দিকে এগিয়ে যাবে।উল্লেখ্য, রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন সাফ জানিয়েছেন তেহরানের ইউরেনিয়াম সমৃদ্ধিকরণে সাহায্য চালিয়ে যাবে মস্কো। পুতিনের কথায়, রাশিয়ার কাছে আর অন্য কোনও সাহায্য চায়নি তেহরান। তবে ইরান-ইজরায়েল সংঘাত থামাতে মধ্যস্থতা করতে তৈরি মস্কো।



প্রসঙ্গত, আগামী সপ্তাহেই ইরান-ইজরায়েল সংঘাতের এসপার-ওসপার হয়ে যাবে বলে 'ডেডলাইন' বেঁধে দিয়েছেন ডোনাল্ড ট্রাম্প। ইরানের সুপ্রিম লিডার আয়াতোল্লা আলি খামেনেইয়ের প্রতি ট্রাম্পের বার্তা, "গুড লাক।" কার্যত রণহুঙ্কার দিতে থাকা আমেরিকার প্রতি এবার সতর্কবার্তা দিল রাশিয়া। এবার কি থামবে আমেরিকার আস্ফালন?

বুধবার রাশিয়ার ডেপুটি বিদেশমন্ত্রী সের্গেই র‍্যাবকভ বলেছিলেন, আমেরিকা যেন ইজরায়েলকে সরাসরি কোনও সামরিক সাহায্য না দেয়। তিনি স্পষ্ট বলেন, “ইজরায়েলকে সাহায্য করার বিষয়টি যেন চিন্তাও না করে আমেরিকা। কারণ আমেরিকা এমন সিদ্ধান্ত নিলে বর্তমান পরিস্থিতি আরও খারাপ হয়ে যাবে। তাই আমরা ওয়াশিংটনকে সতর্ক করে বলছি তারা যেন ইজরায়েলে সামরিক সাহায্য না পাঠায়।”

তবে এবার আরও একধাপ এগিয়ে গিয়ে আমেরিকাকে যুদ্ধ থেকেই দূরে থাকার হুঁশিয়ারি দিল রাশিয়া। বৃহস্পতিবার দুপুরে রাশিয়ার বিদেশমন্ত্রকের মুখপাত্র মারিয়া জাখারোভা বলেন, “আমরা ওয়াশিংটনকে বিশেষ করে সতর্ক করছি, তারা যেন কোনওরকমভাবেই যুদ্ধের পথে না হাঁটে। কারণ আমেরিকা যুদ্ধে জড়ালে সেটা অত্যন্ত বিপজ্জনক হবে। কতখানি নেতিবাচক প্রভাব পড়বে আমেরিকা যুদ্ধে জড়ালে সেটা আন্দাজ করাও কঠিন।” জাখারোভা আরও বলেন, ইরানের পরমাণু ঘাঁটি লক্ষ্য করে যেভাবে হামলা হচ্ছে তাতে গোটা বিশ্ব খুব বড়সড় বিপর্যয়ের মুখে দাঁড়িয়ে।

## ভারতের যুব সমাজের কল্যাণে গবেষণা ও উদ্ভাবনী পরিমণ্ডলকে আরও এগিয়ে নিয়ে যাওয়ার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছেন প্রধানমন্ত্রী



**নয়াদিল্লি, ১৯ জুন, ২০২৫**

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ কিউএস ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাঙ্কিং ২০২৬-কে স্বাগত জানিয়ে বলেছেন এটি বিশ্বব্যাপী শিক্ষা ও গবেষণায় ভারতের ক্রমবর্ধমান খ্যাতির প্রমাণ। ভারতের যুব সমাজের কল্যাণে গবেষণা ও উদ্ভাবনী পরিমণ্ডলকে আরও এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সরকারের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছেন তিনি।

কেন্দ্রীয় মন্ত্রী শ্রী ধর্মেন্দ্র প্রধানের এক্স হ্যান্ডেলে পোস্টের প্রত্যুত্তরে শ্রী মোদী বলেছেন :

“কিউএস ওয়ার্ল্ড ইউনিভার্সিটি ২০২৬ র‍্যাঙ্কিং আমাদের শিক্ষাক্ষেত্রের জন্য সুখবর নিয়ে এসেছে। আমাদের সরকার ভারতের যুব সমাজের কল্যাণে গবেষণা ও উদ্ভাবনী পরিমণ্ডলকে আরও এগিয়ে নিয়ে যেতে প্রতিশ্রুতিবদ্ধ।”

## প্রধানমন্ত্রী মহারাষ্ট্রের পুণেতে জেজুরি-মোরগাঁও সড়কে পথ দুর্ঘটনায় প্রাণহানিতে শোকপ্রকাশ করেছেন



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ মহারাষ্ট্রের পুণেতে জেজুরি-মোরগাঁও সড়কে পথ দুর্ঘটনায় প্রাণহানিতে শোকপ্রকাশ করেছেন। তিনি এককালীন অনুদান হিসেবে মৃতদের নিকট পরিজনকে ২ লক্ষ টাকা করে এবং আহতদের ৫০ হাজার টাকা করে পিএমএনআরএফ থেকে দেওয়ার কথা ঘোষণা করেছেন।

পিএমও ইন্ডিয়া হ্যান্ডল থেকে এক্স-এ এক পোস্টে বলা হয়েছে,

“মহারাষ্ট্রের পুণেতে জেজুরি-মোরগাঁও সড়কে পথ দুর্ঘটনায় প্রাণহানিতে গভীর দুঃখিত। যাঁরা তাঁদের নিকটজনকে হারিয়েছেন, তাঁদের জানাই সমবেদনা। আহতদের দ্রুত আরোগ্য কামনা করি।

এককালীন অনুদান হিসেবে নিহতদের নিকট আত্মীয়কে ২ লক্ষ টাকা করে পিএমএনআরএফ থেকে দেওয়া হবে। আহতদের দেওয়া হবে ৫০ হাজার টাকা করে :

# সিনেমার খবর

## টেলিভিশনে আইকনিক শো নিয়ে ফিরছেন স্মৃতি ইরানি, স্বাক্ষর করেছেন চুক্তিপত্রে

স্টাফ রিপোর্টার, রোজদিন



টেলিভিশনের পর্দায় ফের ফিরছেন অভিনেত্রী তথা প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী স্মৃতি ইরানি। জল্পনা চলছিল দীর্ঘদিন ধরেই। এবার সব জল্পনার অবসান ঘটিয়ে টেলিভিশনের আইকনিক শো 'কিঁউ কি সাস ভি কভি বহু থি' সিরিয়ালের দ্বিতীয় পর্যায় নিয়ে ফিরছেন স্মৃতি।

অভিনেত্রী থেকে রাজনীতিবিদ হওয়া স্মৃতি ইরানি 'কিঁউ কি সাস ভি কভি বহু থি' -এর সিক্যুয়েলের জন্য চুক্তিবদ্ধ হয়েছেন বলে বিভিন্ন সংবাদ সংস্থা সূত্রে জানা যাচ্ছে। তিনি এই শো'তে তুলসী বিরানীর চরিত্রেই ফিরবেন বলে মনে করা হচ্ছে। প্রায় ১৫০টি পর্ব থাকবে এবার।

বেশ কিছু সংবাদমাধ্যমের প্রতিবেদনে বলা হয়েছে, এবার এই শো'তে ক্লাসিক গল্পের সঙ্গে একটি নতুন ভাবনার সংমিশ্রণ থাকবে। জুমের একটি প্রতিবেদনে বলা হয়েছে যে স্মৃতি অবশেষে ৮ জুন 'কিঁউ কি সাস ভি কভি বহু থি ২'-এর জন্য চুক্তিপত্রে স্বাক্ষর করেছেন। এর আগে, বিভিন্ন প্রতিবেদনে বলা হয়েছিল, শুটিং শুরু করলেও তিনি কোনও চুক্তিপত্রে স্বাক্ষর করেননি। চলতি সপ্তাহের শুরুতেই একতা কাপুরের সঙ্গে চুক্তিটি স্বাক্ষর করেছেন বলে জানা গেছে।

টিআরপি তালিকায় ডবল ডিজিট নিয়ে প্রথম স্থান দখল করে রেখেছিল এই ধারাবাহিক। 2001 সালের মে মাসে এই ধারাবাহিকের টিআরপি ছুঁয়ে যায় 22.4 রেটিংয়ে। প্রযোজক হিসাবে একতা কাপুরের জীবনে টার্নিং পয়েন্ট এই ধারাবাহিক। ফের একবার সেই ধারাবাহিক পর্দায় ফিরে আসা, বিশেষ করে তুলসী চরিত্রে স্মৃতি ইরানিকে দেখার অপেক্ষায় রয়েছে অগনিত ভক্তরা।

## হতাশ ঋতাভরী



স্টাফ রিপোর্টার, রোজদিন

২০২৪ সালের শেষের দিকে টলিপাড়ার অন্দরে একের পর এক নারী নিগ্রহের অভিযোগ উঠে এসেছিল। ফলে দক্ষিণের হেমা কমিটির আদলে কলকাতাতেও একটি কমিটি গঠনের প্রস্তাব উত্থাপন করেছিলেন অভিনেত্রী ঋতাভরী চক্রবর্তী। এ বিষয়ে মমতা বন্দ্যোপাধ্যায়ের কাছে একদফা বৈঠকও করেছিলেন তিনি। ঋতাভরী নিজেও তার সঙ্গে হওয়া অন্যায়ের বিরুদ্ধে মুখ খুলেছিলেন। কিন্তু তার চেষ্টা এখনো সফল হয়নি। তাই হতাশ অভিনেত্রী।

## চিরঞ্জিতের চাওয়া

স্টাফ রিপোর্টার, রোজদিন



১৯৮৯ সালে মুক্তি পায় কলকাতার 'বেদের মেয়ে জোসনা'। ছবিটিতে অভিনয় করেছিলেন ভারতীয় অভিনেতা চিরঞ্জিত চক্রবর্তী ও বাংলাদেশি অভিনেত্রী অঞ্জু ঘোষ। চিরঞ্জিত চান সিনেমাটি ফের রিলিজ করুক। এ বিষয়ে তিনি বলেন, আবারো আসুক 'বেদের মেয়ে জোসনা'। ছবিটা যে ম্যাজিক করেছিল, আমি চাই সেটা রিপিট করুক। এই যুগেও যদি চলে, তাহলে বুঝবো আজও ছবিটার দম আছে। সব ঠিকঠাক থাকলে ছবিটি রি-রিলিজ হবে বলেও জানান চিরঞ্জিত।

## দীপিকার পক্ষে অজয়ের জবাব



স্টাফ রিপোর্টার, রোজদিন

দীপিকা পাড়ুকোন ও প্রযোজক সন্দীপের মনোমালিন্যের বিষয়টি নিয়ে সরব বলিপাড়া। এদিকে, সম্প্রতি 'মা'-এর ট্রেলার লঞ্চে এক সাংবাদিক কাজলকে দীপিকার বিষয়ে প্রশ্ন করতেই তাকে থামিয়ে দেন অজয়। এরপর তিনি বলেন, অধিকাংশ সৎ পরিচালকের দিনে আট ঘণ্টা কাজ নিয়ে সমস্যা থাকার কথা নয়। দীপিকাও সেটাই চেয়েছেন। শুধু মায়েরা নন, অধিকাংশ ইন্ডাস্ট্রির লোক দিনে আট ঘণ্টা কাজ করেন।

# ম্যাচের আগে দল ঘোষণা ইংল্যান্ডের

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

অলিভার পোপ নাকি জ্যাকব বেথেল- ভারতের বিপক্ষে প্রথম টেস্টে তিন নম্বরে এই দুইজনের কে সুযোগ পাবেন, তা নিয়ে ছিল আলোচনা। শেষ পর্যন্ত এই পজিশনে টিকে গেছেন ইংল্যান্ডের সহ-অধিনায়ক পোপ। বেথেলকে তাই থাকতে হচ্ছে বাইরে।

লিডসে শুক্রবার (২০ জুন) শুরু হবে পাঁচ ম্যাচ সিরিজের প্রথম টেস্ট। এর দুই দিন আগেই বুধবার (১৮ জুন) একাদশ জানিয়ে দিয়েছে স্বাগতিকরা। গত বছরের শেষ দিকে বেথেলের টেস্ট অভিষেক হয় নিউজিল্যান্ড সফরে। প্রথম তিন টেস্টে তিনটি ফিফটি করে আলো ছড়ান তিনি। এর মধ্যে ওয়েলিংটনে দ্বিতীয় ইনিংসে করেন ৯৬ রান। তিন টেস্টের ওই সিরিজে পোপ ব্যাটিং করেন ছয় নম্বরে।



গত মাসে ঘরের মাঠে জিম্বাবুয়ের বিপক্ষে একমাত্র টেস্টে পোপ ফেরেন তিন নম্বরে। ওই সময়ে রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর হয়ে আইপিএলে থাকায় টেস্ট ম্যাচটি খেলতে পারেননি বেথেল। ওই ম্যাচে ১৭১ রানের ইনিংস খেলে তিন নম্বরের দাবি জোরাল করেন গত বছর বাজে সময় কাটানো পোপ।

ইংল্যান্ডের ক্রিকেট পরিচালক রব কি বলেছিলেন, তিন নম্বরে জায়গা পাওয়ার লড়াই পোপ ও বেথেলের ক্যারিয়ারের গতিপথ নির্ধারণ করে দেবে না এবং এই পজিশনে তাদের দুর্দান্ত দুইটি বিকল্প আছে। শেষ পর্যন্ত পোপকে বেছে নিল তারা।

জিম্বাবুয়ের বিপক্ষে ইনিংস ব্যবধানে জেতা টেস্ট থেকে ভারতের বিপক্ষে প্রথম টেস্টের একাদশে নেই দুই পেসার গাস অ্যাটকিনসন ও স্যাম কুক। হ্যামস্ট্রিংয়ের চোট থেকে এখনও সেরে ওঠেননি অ্যাটকিনসন। বাদ পড়েছেন কুক। তাদের জায়গায় সুযোগ পেয়েছেন দুই পেস বোলিং অলরাউন্ডার ক্রিস ওকস ও ব্রাইডন কার্স।

গত ডিসেম্বরের পর প্রথমবার টেস্ট খেলবেন ওকস। ঘরের মাঠে প্রথমবার সাদা পোশাকে খেলবেন কার্স। ক্যারিয়ারের প্রথম পাঁচটি টেস্ট তিনি খেলেছেন পাকিস্তান ও নিউ জিল্যান্ড সফরে। একাদশে একমাত্র বিশেষজ্ঞ স্পিনার হিসেবে আছেন শোয়েব বাশির। প্রয়োজনে স্পিনে হাত ঘোরাতে পারবেন ইংল্যান্ডের টেস্ট ইতিহাসের সফলতম ব্যাটসম্যান জো রুট।

প্রথম টেস্টে ইংল্যান্ডের একাদশ: জ্যাক ক্রলি, বেন ডাকেট, অলিভার পোপ, জো রুট, হ্যারি ব্রুক, বেন স্টোকস (অধিনায়ক), জেমি স্মিথ (উইকেটকিপার), ক্রিস ওকস, ব্রাইডন কার্স, জশ টং, শোয়েব বাশির।

## পোল্যান্ডের নেতৃত্বে পরিবর্তন, কোচের অধীনে আর খেলবেন না লেভানদোভস্কি



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বার্সেলোনার হয়ে অন্যতম সফল মৌসুম শেষ করে জাতীয় দলের ক্যাম্পে যোগ দেয়ার কথা ছিল রবার্ট লেভানদোভস্কির। তবে মানসিক ক্লান্তির কারণ দেখিয়ে মলদোভার বিপক্ষে খেলেননি এই পোলিশ তারকা। তাকে নেতৃত্ব থেকে সরিয়ে দেয়ার সিদ্ধান্তটা কিছুটা আশ্চর্যজনকই ছিল। এরপর রীতিমত বোমা ফাটিয়েছেন লেভা। জানিয়েছেন, কোচ মিখাল প্রবিয়েশ যতদিন পোল্যান্ডের দায়িত্বে আছেন, ততদিন জাতীয় দলে ফিরবেন না তিনি।

পোলিশ ফুটবল ফেডারেশন গতকাল এক বিবৃতিতে জানায়, লেভার জায়গায় নেতৃত্ব দেবে পিয়ত্র জেলিনস্কি। ইন্টার মিলানের এই মিডফিল্ডারও অনেকটা অভিজ্ঞ। জাতীয় দলের হয়ে শততম ম্যাচ খেলার অপেক্ষায় এই ৩১ বছর বয়সী ফুটবলার। বিবৃতিতে বলা হয়, 'কোচ মিখাও প্রবিয়েশের সিদ্ধান্ত অনুযায়ী পোলিশ জাতীয় দলের নতুন অধিনায়ক পিয়ত্র জেলিনস্কি।' এরপর সামাজিক যোগাযোগমাধ্যমে এই বোমা ফাটান ৩৬ বছর বয়সী লেভা। সামাজিক যোগাযোগমাধ্যমে তিনি লেখেন, 'পরিস্থিতি বিবেচনা করে এবং পোলিশ জাতীয় দলের কোচের আস্থা হারানোয় আমি সিদ্ধান্ত নিয়েছি, যতদিন তিনি কোচের দায়িত্বে আছেন, ততদিন পোলিশ জাতীয় দল থেকে দূরে থাকব। বিশ্বের সেরা এই সমর্থকদের জন্য একসময় আমি আবার খেলার সুযোগ পাব বলে আশাবাদী।' ধারণা করা হচ্ছে, কোচের অধিনায়ক বদলের এই সিদ্ধান্ত মেনে নিতে পারেননি লেভা। আবার সাম্প্রতিক সময়ে পোল্যান্ডের আন্তর্জাতিক প্রীতি ম্যাচগুলোয় লেভার খেলতে অনাগ্রহের কারণে কোচ তাঁর ওপর অসন্তুষ্টও ছিলেন।

পোল্যান্ডের ইতিহাসে সর্বাধিক ১৫৮ ম্যাচ ও সর্বোচ্চ ৮৫ গোলের মালিক রবার্ট লেভানদোভস্কিই। ২০১৪ থেকে তিনি জাতীয় দলের আর্মব্যান্ড পড়েছেন দীর্ঘ ১১ বছর।

## ২২ বছর বয়সেই যেভাবে ৫৪৬ কোটি টাকার মালিক

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ফ্রেঞ্চ ওপেনের ফাইনালে নাটকীয় প্রত্যাবর্তনে জয় দিয়ে শিরোপা ধরে রেখেছেন কার্লোস আলকারাজ। প্যারিসের রোলাঁ গারোতে ফাইনালে ইতালির ইয়ানিক সিনারকে ৪-৬, ৬-৭ (৪-৭), ৬-৪, ৭-৬ (৭-৩), ৭-৬ (১০-২) ব্যবধানে হারিয়ে রূপকথা লিখেছেন এই স্প্যানিশ তারকা। রুদ্ধশ্বাস ম্যাচে ৫ ঘণ্টা ২৯ মিনিটে টুর্নামেন্টের দীর্ঘতম ফাইনালে শেষ হাসি হেসেছেন আলকারাজই। লাল দুর্গে নিজের দ্বিতীয় শিরোপা ও পঞ্চম গ্র্যান্ড স্লাম জিতে তিনি অর্থ পুরস্কার হিসেবে পেয়েছেন ২৯ লাখ ডলার অর্থাৎ ৩৫ কোটি ৪৪ লাখ টাকার মতো। আলকারাজ তার ক্যারিয়ারে এখন পর্যন্ত প্রাইজমানি বা অর্থ পুরস্কার হিসেবে জিতেছেন ৪ কোটি ৪৭ লাখ ডলার, যা বাংলাদেশি মুদ্রায় ৫৪৬ কোটি টাকা। এতে করে অর্থ পুরস্কার থেকে সর্বোচ্চ আয় করা টেনিস খেলোয়াড়দের মধ্যে সাতে উঠে এসেছেন তিনি। এ তালিকায় আলকারাজের উপরে আছেন দানিল মেদভেদেভ, আলেক্সান্দার জভরেভ, অ্যান্ডি মারে, রজার ফেদেরার, রাফায়েল নাদাল ও নোভাক জকোভিচ। তবে বর্তমান ছন্দ ধরে রাখতে পারলে সহজেই মেদভেদেভ (৫৬৫), জভরেভ



(৬৫২) ও মারেকে (৭৮৯) ছাড়িয়ে যাবার সম্ভাবনা আলকারাজ। তবে টেনিসের 'বিগ থ্রি' ফেদেরার (১৫৯৮), নাদাল (১৬৪৮) ও জকোভিচকে (২২৯৪) টপকাতে হলে এখনও দীর্ঘ পথ পাড়ি দিতে হবে এই স্প্যানিশ তারকাকে।

ফাইনালে চতুর্থ সেটে তিনটি চ্যাম্পিয়নশিপ পয়েন্টের সামনে ছিলেন সিনার। একটি পয়েন্ট কাজে লাগাতে পারলেই শিরোপা তুলে ধরতেন এই ২৩ বছর বয়সী তারকা। সেখান থেকে ঘুরে দাঁড়িয়ে সেটটি জিতে নেন আলকারাজ। পরের সেটেও মরিয়া হয়ে চেষ্টা করেন সিনার, গিয়েছিলেন সুপার টাইব্রেকারেও। সেখানেও ঘুরে দাঁড়ান আলকারাজ। ম্যাচের পর শিরোপা হাতে আলকারাজ বলেন, 'ম্যাচটি ইতিহাস হয়ে থাকলো কি না জানি না। তবে যদি এটি ইতিহাস গড়ে থাকে তবে আমি খুব খুশি।'

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR